

সূচন

প্রিন্ট: ২০ এপ্রিল ২০২৫, ০২:৩০ পিএম

শিক্ষাঙ্গন

কুবিতে ভর্তি পরীক্ষা, রাতে শিবিরের ফ্রি বাস সার্ভিস



কুবি প্রতিনিধি

প্রকাশ: ১৮ এপ্রিল ২০২৫, ০৬:০৭ পিএম

লাল মাটির
ক্যাম্পাসে
স্বাগতম

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ সেশনের ভর্তি পরীক্ষার ছাত্রশিবির, কুমিল্লা বিশ্ববিদ্যালয় শাখার
পক্ষ থেকে থাকছে “আর রিহ্লাহ” ফ্রি বাস সার্ভিস

বাস শিডিউল

| | |
|--------------|---|
| রাত ১১ঃ০০ টা | পদুয়ার বাজার বিশ্বরোড - কোটবাড়ি বিশ্বরোড - ক্যাম্পাস |
| রাত ১২ঃ১৫ টা | রেল স্টেশন - শাসনগাছা - আলেক্সার চর - কোটবাড়ি বিশ্বরোড - ক্যাম্পাস |
| রাত ০১ঃ০০ টা | রেল স্টেশন - কান্দিরপাড় - টমছমতীজ - পদুয়ার বাজার বিশ্বরোড - কোটবাড়ি বিশ্বরোড - ক্যাম্পাস |
| রাত ০৩ঃ০০ টা | রেল স্টেশন - কোটবাড়ি বিশ্বরোড - ক্যাম্পাস |

যোগাযোগ নূর আহমেদ আল-আমিন (০১৫১৬৫২৮৮১), ওসমান গণি (০১৭৬৮২৪০৩৭১), ইহসান আহমেদ রনি (০১৭৮৪১৩১০২২)

বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির
কুমিল্লা বিশ্ববিদ্যালয়



কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) আগত ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার্থীদের রাতে নিরাপত্তা ও যাতায়াতের ভোগান্তি কমাতে বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির কুমিল্লা বিশ্ববিদ্যালয় শাখার পক্ষ থেকে থাকছে ‘আর রিহলাহ’ ফ্রি বাস সার্ভিস।

শুক্রবার দুপুরে গণমাধ্যমকে বিষয়টি জানান শাখা ছাত্রশিবির সভাপতি ইউসুফ ইসলামী।

তিনি জানান, বিভিন্ন দূরবর্তী জেলার শিক্ষার্থীরা রেলের আসার কারণে সাধারণত গভীর রাতে তারা কুমিল্লায় পৌঁছান। এরপর যাতায়াত নিয়ে তারা ভোগান্তিতে পড়ে যান। সেজন্য শিক্ষার্থীরা যেন নিরাপদ ও নির্বিঘ্নে বিশ্ববিদ্যালয়ে পৌঁছতে পারে এ লক্ষ্যেই আমরা শাখা ছাত্রশিবিরের পক্ষ থেকে এই ‘আর রিহলাহ’ ফ্রি বাস সার্ভিসের ব্যবস্থা করেছি। আমরা বিশ্বাস করি, শিক্ষার্থীদের পাশে দাঁড়ানো এবং মানবিক সহায়তা প্রদান করা আমাদের নৈতিক দায়িত্ব।

ফ্রি বাস সার্ভিসের শিডিউল হলো- রাত ১১টায় পদুয়ার বাজার বিশ্বরোড থেকে সরাসরি ক্যাম্পাস। রাত সোয়া ১২টায় রেলস্টেশন থেকে শাসনগাছা-আলেখার চর-কোটবাড়ি বিশ্বরোড হয়ে সরাসরি ক্যাম্পাস। রাত ১টায় রেলস্টেশন থেকে কান্দিরপাড়-টমছমব্রিজ-পদুয়ার বাজার বিশ্বরোড-কোটবাড়ি বিশ্বরোড হয়ে ক্যাম্পাস। রাত ৩টায় রেলস্টেশন থেকে কোটবাড়ি বিশ্বরোড হয়ে ক্যাম্পাস পর্যন্ত।

উল্লেখ্য, শনিবার কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ সেশনের এ ইউনিট এবং সি ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।